

প্রায় দুশো বছর আগে সমাজতাত্ত্বিকরা শিল্প বিপ্লবের প্রভাব বিশ্লেষণ করার প্রয়োজনীয়তা অনুভব করেন। সেই সময় তাঁরা বস্তুনিষ্ঠ পক্ষপাতহীন, নিরপেক্ষ, বিচ্ছিন্নতার আলোচনার ওপর জোর দেন। একবিংশ শতাব্দীতে গণমাধ্যমের বিস্তারের ফলে এক অন্য ধরনের জীবনের সঙ্গে অভ্যস্ত হয়ে ওঠা মানুষের আত্মবাদিতা কীভাবে তার চারপাশের জীবনকে বদল করছে তার বিশ্লেষণের ওপর জোর দিয়েছে। এখানে আন্তঃবিষয়ক ভাবনা, অধিবিদ্যার চর্চার মধ্যে দিয়ে সমাজতত্ত্ব এক নতুন দিগন্তকে ছুঁতে চলেছে। দ্রুত পরিবর্তনশীল জগতের বিশ্লেষণে আঞ্চলিক সংস্কৃতিগুলির প্রতিরোধের কারণে ভবিষ্যতেও সমাজতত্ত্বের চাহিদা অটুট থাকবে এমনই আশা করছেন সমাজতাত্ত্বিক মহল।